

# স্বাধীনতা

## রবীন্দ্র বিশ্ববিদ্যালয় প্রধানমন্ত্রী ৮ মে ভিত্তিফলক উন্মোচন করবেন: নাসিম

■ সিরাজগঞ্জ প্রতিনিধি  
প্রধানমন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, বর্তমান সরকারের নির্বাচনী প্রতিশ্রুতি অনুযায়ী, কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের স্মৃতিবিজড়িত সিরাজগঞ্জের শাহজাদপুরে রবীন্দ্র বিশ্ববিদ্যালয় স্থাপন হতে যাচ্ছে। ৮ মে কবি ১৫৪তম জন্মবার্ষিকীতে, এর ভিত্তিফলক উন্মোচন করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দ্রুত অর্থায়নের মাধ্যমে এটির বাস্তবায়ন হবে। এর মধ্য দিয়ে সারা বাংলাদেশ তথা সিরাজগঞ্জবাসীর প্রাণের দাবি পূরণ হতে যাচ্ছে।

গতকাল সোমবার বিকেলে সিরাজগঞ্জ সার্কিট হাউসে উপস্থিত সাংবাদিকদের এতথ্য জানিয়ে তিনি আরও বলেন, প্রধানমন্ত্রীর আশ্বাসকে স্মরণীয় করে রাখতে ইতিমধ্যেই শাহজাদপুরের কাছারিবাড়িকে ঘিরে নানা প্রস্ততি শুরু হয়েছে। ভিত্তিফলক উন্মোচনের পাশাপাশি বিশাল সংবর্ধনা সভায় প্রধানমন্ত্রী ভাষণ দেবেন। এজন্য সংস্কৃতি মন্ত্রণালয়, জেলা প্রশাসনের পাশাপাশি দলীয়ভাবেও নানা প্রস্ততিমূলক কার্যক্রম চলছে।

সিটি নির্বাচন প্রসঙ্গে মোহাম্মদ নাসিম বলেন, এ নির্বাচনে ভোটাররা জামায়াত-বিএনপিকে ভোটের মাধ্যমে প্রত্যাখ্যান করবে। সাধারণ মানুষ উন্নয়নে বিশ্বাসী। এ কারণে তারা আওয়ামী লীগ মনোনীত প্রার্থীদের ভোট দিয়ে বিজয়ী করবে।

এ সময় জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আবু মোহাম্মদ গোলাম কিবরিয়া, জেলা প্রশাসক বিল্লাল হোসেন, পুলিশ সুপার এসএম এমরান হোসেন ও সিভিল সার্জন ডা. শামসুদ্দিনসহ প্রশাসনের বিভিন্ন বিভাগের পদস্থ কর্মকর্তারা উপস্থিত ছিলেন।